

## REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:20-09-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

---

### বিশ্বকর্মা যোজনা:

প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনা প্রকল্পের প্রথম বর্ষ পূর্তি উপলক্ষে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহারাষ্ট্রের ওয়ার্ধা থেকে সারা দেশের নির্বাচিত কেন্দ্র গুলিতে ভার্চুয়ালি বক্তব্য রাখবেন। এর মধ্যে আগরতলার খেজুর বাগানের বাশ ও বেত উন্নয়ন ইন্সটিটিউটএ এই উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সকাল সাড়ে ১০ টায় এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন রাজ্য সভার সংসদ রাজীব ভট্টাচার্য।

\*\*\*\*\*

### RD Press Meet:

সাম্প্রতিক বন্যায় রাজ্যের গ্রামীণ এলাকায় প্রায় ৫০ হাজার ঘর এবং ৬ হাজার স্থায়ী সম্পদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। প্রাথমিক হিসেব অনুযায়ী এই ক্ষতির পরিমাণ প্রায় ২০০৬ কোটি টাকা। গতকাল সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে গ্রামোন্নয়ন দপ্তরের সচিব সন্দীপ আর রাঠোর এই সংবাদ জানান। তিনি জানান, বন্যা মোকাবিলায় সংশ্লিষ্ট ব্লকের বিডিও সহ আরডি এবং আরডি (পঞ্চায়েত) দপ্তরে কর্মরত জিআরএস, আরপিএম গণ অসাধারণ দৃঢ়তা এবং ইতিবাচক মনোভাব দেখিয়েছেন। বন্যার ফলে গ্রামীণ সম্পদের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। সরকারের কাছে ইতিমধ্যেই ক্ষয়ক্ষতির হিসাব পেশ করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে গ্রামোন্নয়ন দপ্তরের

অতিরিক্ত সচিব কুন্তল দাস, অপর সচিব সুদীপ্ত বিশ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

PM :

তিনদিনের সফরে আগামীকাল আমেরিকা যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গতকাল নতুন দিল্লিতে বিদেশ সচিব বিক্রম মিশ্রী সাংবাদিকদের জানান, দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক বহু বিষয় থাকছে, তাঁর এই সফরে। বিভিন্ন ক্ষেত্রে বিদেশী অংশীদারের পাশাপাশি আমেরিকায় বসবাসকারী ভারতীয়দের সঙ্গে কথা বলবেন প্রধানমন্ত্রী। বৈঠক করবেন শিল্প ও বণিক মহলের নেতাদের সঙ্গে।

\*\*\*\*\*

**Amit sah:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ গতকাল নতুন দিল্লিতে এক জাতীয় স্তরের সম্মেলনে সমবায় মন্ত্রকের একশো দিনে নেওয়া একগুচ্ছ রূপান্তরমূলক উদ্যোগের সূচনা করেছেন। সহকার সে সমৃদ্ধির অধীনে এই কর্মসূচীগুলি হাতে নেওয়া হয়েছে। সমবায় ব্যবস্থা নেই এমন গ্রাম বা পঞ্চায়েতে ডেয়ারী এবং মৎস্য সংক্রান্ত সমবায় সমাজ গড়ে তুলতে মার্গদর্শিকার সূচনাও করেছেন তিনি। মন্ত্রী বলেন, এন ডি এ সরকারের আমলে সমবায় স্থাপনের দীর্ঘ প্রতীক্ষার অবসান হয়েছে। সমবায়ের মাধ্যমে গ্রামীণ অর্থনীতি নতুন গতি পেয়েছে।

\*\*\*\*\*

**Press Meet:**

রাজ্য বামফ্রন্ট কমিটির পক্ষ থেকে গতকাল এক প্রতিনিধিদল মুখ্যমন্ত্রীর সরকারি বাসভবনে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে চার দফা দাবি নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন বলে জানান বামফ্রন্টের আহবায়ক নারায়ন কর। পরে দশরথ দেব স্মৃতিভবনে

আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে শ্রীকর অভিযোগ করেছেন রাজ্যের বিধ্বংসী বন্যায় যারা মারা গেছেন তাদের পরিবারকে এখনো ক্ষতিপূরণ দেওয়া হয়নি। তিনি জানান বন্যায় যাদের মৃত্যু হয়েছে তাদের পরিবারকে অবিলম্বে ৪ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দেওয়ার দাবি জানানো হয়েছে। সাংবাদিক সম্মেলনে সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### **Blood Donation Camp:**

গতকাল বিজেপি যুবমোর্চার দক্ষিণ জেলা কমিটির উদ্যোগে জোলাইবাড়ির দূর্গামন্দিরে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন সমবায় মন্ত্রী শুরুগাচরন নোয়াতিয়া, প্রদেশ যুব মোর্চার সভাপতি তথা বিধায়ক সুশান্ত দেব, বিধায়ক শম্ভুলাল চাকমা, মাইলাফরু মগ প্রমুখ। শিবিরে মোট ৫১ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*

#### **Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যের পাহাড়ী ভূমি ও জলবায়ুর সঙ্গে সামঞ্জস্য বজায় রেখে কৃষিতে উৎপাদন বৃদ্ধির কৌশল অবলম্বনের উপর গুরুত্ব দিতে পরামর্শ দিয়েছেন। গতকাল লেঙ্গুছড়ায় মৎস্য মহাবিদ্যালয়ে আয়োজিত আঞ্চলিক কৃষি বিজ্ঞান কেন্দ্রগুলোর বার্ষিক কর্মশালার উদ্বোধনী ভাষণে রাজ্যপাল এই পরামর্শ দেন। তিনি কৃষি বিজ্ঞান কেন্দ্রগুলোকে স্থায়ী পেশাদারি কেন্দ্র হিসাবে গড়ে তোলার উপর গুরুত্ব দেন। কর্মশালায় বক্তব্য রাখেন ইম্ফলের কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ অনুপম মিশ্র, দক্ষিণ এশিয়া অঞ্চলের জন্য পশুবিজ্ঞান বিষয়ের বিশেষজ্ঞ ডঃ এইচ রহমান প্রমুখ। অনুষ্ঠানে কৃষি ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ত্রিপুরার ছয় জন কৃষক ও মৎস্য চাষির হাতে বিভিন্ন কৃষি সামগ্রি তুলে দেওয়া হয়।

\*\*\*\*\*

**Modified scheme for Agro Residue :**

এনডিএ সরকারের তৃতীয় মেয়াদের প্রথম ১০০ দিনে পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছে। মন্ত্রকের সূত্রে জানানো হয়েছে যে, সম্প্রতি সরকার সংশোধিত- 'প্রধানমন্ত্রী জৈব ইন্ধন বাতাবরন অনুকূল ফসল আওয়্যশেশ নিবারন যোজনা' অনুমোদন করেছে। এই প্রকল্পের লক্ষ্য হল কৃষকদের তাদের কৃষি অবশিষ্টাংশের জন্য লাভজনক আয় প্রদান এবং পরিবেশ দূষণ মোকাবেলা করা। মন্ত্রক আরও জানিয়েছে, যে প্রকল্পের সংশোধনের মাধ্যমে, উন্নত জৈব জ্বালানির জন্য আর্থিক সহায়তা পাওয়া যাবে এবং প্রকল্প প্রস্তাবে নতুন প্রযুক্তি এবং উদ্ভাবনকে অগ্রাধিকার দেওয়া হবে।

\*\*\*\*\*

**Chandra smriti:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার ২-০ গোলে এগিয়ে চলো সংঘকে পরাজিত করে।

\*\*\*\*\*

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।

\*\*\*\*\*